



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং- ৫৮

৩০ কার্তিক ১৪৩০

তারিখ: -----

১৫ নভেম্বর ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

অর্থক্ষণ আদালতে চলমান মামলাসমূহ যথাসময়ে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২. অর্থক্ষণ আদালত আইন, ২০০৩ এর মাধ্যমে অর্থক্ষণ মামলা দ্রুত নিষ্পত্তির জন্য পৃথক আদালত গঠিত হয়েছে এবং সময়াবদ্ধ কার্যপদ্ধতি অনুযায়ী মামলাসমূহ নিষ্পত্তির আইনগত বাধ্যবাধকতা রয়েছে।

০৩. সম্প্রতি বিভিন্ন অর্থক্ষণ মামলার রায় ও আদেশ পর্যালোচনায় বাংলাদেশ ব্যাংকের কাছে প্রতীয়মান হয়েছে যে, অর্থক্ষণ মামলাসমূহ নিষ্পত্তিতে প্রত্যাশিত সময়ের চেয়ে অনেক বেশি সময় ব্যয় হচ্ছে যার ফলে আমানতকারী ও তফসিলি ব্যাংক উভয়ের স্বার্থ ক্ষুণ্ণ হচ্ছে। মামলা নিষ্পত্তিতে দীর্ঘসূত্রিতার পিছনে মামলায় সকল পক্ষ বিশেষ করে বাদী ব্যাংকের সুদক্ষভাবে মামলা পরিচালনায় অনেক অবহেলা পরিলক্ষিত হচ্ছে, যা অনাকাঙ্ক্ষিত।

০৪. এ প্রেক্ষিতে, অর্থক্ষণ আদালতে বিচারাধীন মামলাসমূহ যথাসময়ে সুদক্ষভাবে নিষ্পত্তির লক্ষ্যে মামলাসমূহের ধার্য তারিখে সংশ্লিষ্ট আইনজীবীর সাথে যোগাযোগক্রমে সর্বোচ্চ প্রস্তুতি সহকারে মামলা পরিচালনার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০০৯৫